রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী।

মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

ফোন নং: ০২৪৭-৮৬০৫১৯; ই-মেইল: dgmbcd@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২১' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভার তারিখ	:	১১ আগস্ট ২০২১; বুধবার
সময়	:	বিকাল ৫:০০
স্থান	:	ব্যাবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়
সভাপতি	:	মোঃ ইসমাইল হোসেন ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
সময়াবদ্ধ কর্মসূচি	:	পরিশিষ্ট-'ক'

০২। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে 'জাতীয় শোক দিবস ২০২১' পালন উপলক্ষ্যে ভার্চুয়াল প্লাটফর্মে একটি অগ্রগতি পর্যালোচনা (ফলোআপ) সভা গত ০৮ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠানের প্রধানগণসহ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীগণ। সভায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২১' পালন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণের পাশাপাশি উক্ত কর্মসূচি সাফল্যমন্ডিত করতে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হয়।

০৩। অদ্য ১১.০৮.২০২১ তারিখে পরিচালনা পর্ষদের ৫৩৬তম সভায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২১' পালন উপলক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ২৮ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং ০৮ আগস্ট ২০২১ তারিখের অগ্রগতি পর্যালোচনা (ফলোআপ) সভায় আলোচিত বিষয় এবং এ ব্যাংক কর্তৃক গৃহিত খসড়া কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত সভায় পর্ষদ কর্তৃক 'জাতীয় শোক দিবস ২০২১' যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পালন বিষয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা ও মূল্যবান পরামর্শ প্রদান করা হয়।

০৪। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর উক্ত অগ্রগতি পর্যালোচনা (ফলোআপ) সভার প্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে 'জাতীয় শোক দিবস-২০২১ পালন কমিটি' কর্তৃক একটি সভার আয়োজন করা হয়। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির অগ্রগতি বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। তিনি করোনাভাইরাস সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় 'জাতীয় শোক দিবস ২০২১' এর কর্মসূচি চূড়ান্তকরণ এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে আহবান জানান।

০৫। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট এর উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ মহববত আলী বিশ্বাস আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ২৮ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত, ০৮ আগস্ট ২০২১ তারিখের অগ্রগতি পর্যালোচনা (ফলোআপ) সভায় আলোচিত বিষয়, এ ব্যাংক কর্তৃক গৃহিত খসড়া কর্মসূচি এবং পর্ষদ সভার দিক-নির্দেশনা ও মূল্যবান পরামর্শের আলোকে খসড়া কর্মসূচি উপস্থাপন করেন।

০৬। বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে এ ব্যাংক কর্তৃক যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে 'জাতীয় শোক দিবস ২০২১' পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি চূড়ান্ত করা হয়:

ক্র.নং	কর্মসূচী	বাস্তবায়নকারী বিভাগ/কার্যালয়/শাখা
(১)	শাখা/কার্যালয়ের দর্শনীয় স্থানে সংযুক্ত নমুনা ও শাখা ভবনের মাপ অনুযায়ী ড্রপডাউন ব্যানার আগস্ট মাসব্যাপি প্রদর্শন।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয়, এসইসিপি ও সকল শাখা
(২)	১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে নির্দিষ্ট মাপ অনুযায়ী নতুন জাতীয় পতাকা বানিয়ে দৃশ্যমান স্থানে সূর্যোদয়ের সাথে সাথে যথাযথ মর্যাদায় অর্ধনমিত অবস্থায় উত্তোলন এবং সূর্যাস্তের সঙ্গে সঙ্গে তা নামানো।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয়, এসইসিপি ও সকল শাখা
(৩)	প্রধান কার্যালয়ের মসজিদে পবিত্র কোরআন খতম।	সাধারণ সেবা বিভাগ ও জনসংযোগ সেল;
(৪)	বঙ্গবন্ধু অঙ্গনে রক্ষিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য প্রদান।	মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট ও জনসংযোগ সেল
(৫)	ব্যাংক ভবন চত্তরে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যূরালে পুষ্পস্তবক অর্পণ।	মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট ও জনসংযোগ সেল
(৬)	বিশেষ মোনাজাত ও প্রার্থনা।	সাধারণ সেবা বিভাগ ও জনসংযোগ সেল

ক্রমশ: পাতা-০২

(৭)	১৫.০৮.২০২১ তারিখ রবিবার সকাল ১১:৩০ ঘটিকায় ব্যাংকের প্রধান কার্যালয়, সকল বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ট্রেনিং ইনস্টিটিউট, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় এবং সকল শাখার অংশগ্রহণে ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন। আলোচ্য ভার্চুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান এবং বিশেষ অতিথি হিসেবে সম্মানিত পরিচালকবৃন্দ অংশগ্রহণ করবেন। উক্ত সভায় সভাপতিত্ব করবেন অত্র ব্যাংকের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। একই সাথে ভার্চুয়াল আলোচনা সভাটি ব্যাংকের Facebook-পেজে Live Streaming করা হবে।	জনসংযোগ সেল; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট
(৮)	বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে আগস্ট মাসব্যাপী ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর কালো ব্যাজ ধারণ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত কোট পিন পরিধান।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয়, এসইসিপি ও সকল শাখা
(৯)	ব্যাংকের প্রতিটি বিভাগ/জোন/শাখা/কার্যালয় যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে বিভাগ, জেলা, ও উপজেলা মাঠ প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম গ্রহণ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে সামাজিক দূরত্ব বজায় রেখে, স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক ব্যানারসহ পুষ্পস্তবক অর্পণ নিশ্চিত করা।	সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয়, এসইসিপি ও সকল শাখা (বিভাগের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার, জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয়পূর্বক)
(১০)	মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত "জাতীয় বৃক্ষরোপণ অভিযান-২০২১" উপলক্ষ্যে আগস্ট মাসব্যাপী রাকাব প্রধান কার্যালয় সহ সকল শাখা/কার্যালয় প্রাঙ্গনে, এ ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের বাড়ির আঙ্গিনায়/ছাদের টবে বা উপযুক্ত স্থানে রোপণের নিমিত্ত প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ৩টি করে এবং প্রতিটি শাখা কর্তৃক উত্তম গ্রাহকদের মাঝে ন্যূনতম ৭০টি করে মোট ৪০,০০০টি ফলজ/বনজ/ঔষধি জাতের বৃক্ষ বিতরণ।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয়, এসইসিপি ও সকল শাখা
(১১)	দুস্থ ও এতিম শিশুদের মাঝে খাদ্য বিতরণ।	জনসংযোগ সেল; সাধারণ সেবা বিভাগ ও মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট
(১২)	প্রধান কার্যালয়ে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে ও ব্যাংকের ওয়েব সাইটের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উপর নির্মিত ভিডিও ক্লিপ ও ফুটেজ প্রচার।	জনসংযোগ সেল; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট
(১৩)	বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ভাষণ এবং তাঁর জীবন ও কর্মকান্ডভিত্তিক প্রামাণ্য চিত্র ব্যাংকের Facebook-পেজে প্রচার।	জনসংযোগ সেল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
(১৪)	রাজশাহী ও রংপুর বিভাগের আওতাধীন কোভিড চিকিৎসা সেবা প্রদানকারী সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্রে চিকিৎসা সামগ্রী সহায়তা প্রদান।	ঋণ ও অগ্রিম বিভাগ-১; জনসংযোগ সেল; সাধারণ সেবা বিভাগ ও মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

০৭। 'জাতীয় শোক দিবস ২০২১' যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সকলের প্রতি অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.০৮.২০২১

(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি
জাতীয় শোক দিবস-২০২১ পালন কমিটি

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৪(২)অংশ/২০২১-২০২২/১২৬(৪০৩)৫৪ তারিখ: ১১.০৮.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয়/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী ও ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ);
সভাপতি, কেন্দ্রীয় কমিটি, রাকাব অফিসার্স এ্যাসোসিয়েশন; সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব অফিসার্স ফোরাম।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

১১.০৮.২০২১

(মোঃ জয়নাল আবেদীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক
জাতীয় শোক দিবস-২০২১ পালন কমিটি